

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা
ফ্যাক্স : ৯১১০৬৩৮
www.infocom.gov.bd

তথ্য না দেয়ায় তথ্য অধিকার আইনে জরিমানা

তথ্য কমিশনের সুনির্দিষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও আবেদনকারীর প্রার্থিত তথ্য না দেয়ায় এবং কারণ দর্শানো নোটিশের জবাব না দেয়ায় লক্ষ্মীপুরের চরশাহী ইসলামিয়া আলিম মাদ্রাসার প্রভাষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মোঃ বোরহান উদ্দিন রাব্বানিকে পাঁচ হাজার টাকা এবং প্রদানযোগ্য তথ্য হওয়া সত্ত্বেও আবেদনকারীর চাহিত তথ্য না দেয়ায় চাঁপাইনবাবগঞ্জের মোল্লাটোলার তেলকুপি জমিলা স্বরণী কারিগরী ও ভকেশনাল স্কুলের প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আনারুল ইসলামকে পাঁচ হাজার টাকা জরিমানা করেছে তথ্য কমিশন।
আজ ১০ অক্টোবর, ২০১৮ রাজধানীর আগারগাঁও এর তথ্য কমিশন কার্যালয়ে এক শুনানীশেষে এ নির্দেশ দিয়েছে তথ্য কমিশন। শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি।

চরশাহী ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ মোহাম্মদ আবদুছ ছালাম অধ্যক্ষ পদে আসীন হওয়ার পূর্বে ১৯৯৬ সালে কামিল পাস করার পর মৌলভী পদে, সহকারী সুপার ও সুপার পদে কত সময়কাল কর্মরত ছিলেন তার MPO কপি, ১লা জানুয়ারী ১৬ হতে সেপ্টেম্বর ১৭ পর্যন্ত তাঁর মাসিক হাজিরার সত্যায়িত ফটোকপি, মাদ্রাসার কাজে মন্ত্রণালয়, ডিজি অফিস, মাদ্রাসা বোর্ড অফিসসহ বিভিন্ন সরকারি অফিসে যাতায়াত খরচ বাবদ তিন মাদ্রাসা তহবিল হতে যে টাকা গ্রহণ করেছেন তার ভাউচার, টাকার পরিমাণ, কোন অফিসে কী কাজে গিয়েছেন প্রভৃতি তথ্য জানতে চেয়ে লক্ষ্মীপুরের চরশাহী ইসলামিয়া আলিম মাদ্রাসার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে আবেদন করেছিলেন কুতুব উদ্দিন। নির্ধারিত সময়ে তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। তথ্য কমিশনের ০৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের শুনানীতে ১৫ কার্যদিবসের মধ্যে আবেদনকারীর চাহিত তথ্য প্রদানের নির্দেশ দেওয়া হয়। কিন্তু নির্ধারিত সময় পার হলেও তথ্য না পেয়ে আবেদনকারী পুনরায় তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। তথ্য কমিশনের সুনির্দিষ্ট নির্দেশনা দেয়ার পরেও তথ্য না দেয়া, তথ্য প্রদান না করে আবেদনকারীকে হয়রানি করা এবং কারণ দর্শানো নোটিশের জবাব না দেয়ায় আজকের শুনানীতে উক্ত জরিমানা করা হয়।

অপরদিকে বিগত ২০১৭ সনের জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর (তিন) মাসের বিদ্যালয়ের মাসিক বেতন ভাতা বিলের সত্যায়িত ছয়ালিপি চেয়ে চাঁপাইনবাবগঞ্জের মোল্লাটোলার তেলকুপি জমিলা স্বরণী কারিগরী ও ভকেশনাল স্কুলের প্রধান শিক্ষকের কাছে আবেদন করেছিলেন অ্যাডভোকেট আব্দুল মালেক। তথ্য না পেয়ে আবেদনকারী তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। প্রদানযোগ্য তথ্য হওয়া সত্ত্বেও চাহিত তথ্য না দেয়ায় এবং এমনকি তথ্য প্রদানে ন্যূনতম দায়িত্বশীলতার পরিচয় না দেয়ার বিষয়টি প্রমাণিত হওয়ায় আজকের শুনানীতে উক্ত জরিমানা করা হয়।

তথ্য কমিশনে আজ ১১টি অভিযোগের শুনানীশেষে ০৫টি অভিযোগের তাৎক্ষণিক নিষ্পত্তি করা হয় এবং ০৬টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারণ করা হয়।

স্বাক্ষরিত/-
১০.১০.২০১৮
(লিটন কুমার প্রামাণিক)
জনসংযোগ কর্মকর্তা
তথ্য কমিশন
ফোন-৯১৩৭৩৩২
মোঃ ০১৭১০-৪৩৭২৬৬
E-mail: pro@infocom.gov.bd